

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 21 April, 2025

জুলাই-আগস্টে রাজধানীর চানখারপুলে হত্যায়জ্ঞের তদন্ত শেষ হয়েছে। এতে আসামির সংখ্যা ৮ জন। সাবেক ডিএমপি কমিশনার হাবিবুর রহমানকে প্রধান আসামি করা হয়েছে। এছাড়াও আছেন ডিএমপির তৎকালীন যুগ্ম কমিশনার সুদীপ কুমার চক্রবর্তী।

সোমবার (২১ এপ্রিল) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল সূত্রে এ তথ্য জানা গেছে।

পরে সংক্ষিপ্ত সংবাদ সম্মেলনে জুলাই-আগস্ট গণহত্যায় এটিই প্রথম পূর্ণাঙ্গ প্রতিবেদন বলেও জানান আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রধান চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম।

তিনি বলেন,

সাবেক ডিএমপি কমিশনার হাবিবুর রহমানকে প্রধান আসামি করা হয়েছে। এছাড়াও আছেন ডিএমপির তৎকালীন যুগ্ম কমিশনার সুদীপ কুমার চক্রবর্তী। এ মামলায় গ্রেফতার আসামিরা হলেন-ইন্সপেক্টর আরশাদ, কনস্টেবল মো. সাজিদ, কনস্টেবল ইমাজ হোসেন ইমন ও কনস্টেবল নাসিরুল ইসলাম।

তিনি আরও বলেন, জুলাই-আগস্ট হত্যায়জ্ঞের সময়টা নির্ধারণ হয়েছে ১ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত। এ সময়ে আন্দোলনে শহীদ হন শাহরিয়ার খান আনাস, শহীদ শেখ মাহদী হাসান জুনায়েদ, মো. ইয়াকুব, মো. রাকিব হাওলাদার মো. ইসলামুল হক মানিক মিয়া। তাদেরকে গুলি করে হত্যার অভিযোগ আনা হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 04:34

URL: <https://timestodaybd.com/bangladesh/1166775807>